# 2020

## ELECTIVE BENGALI

Paper : 6.2

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

'অসমের বাংলা সাহিত্য' অথবা 'প্রতিবেশী সাহিত্য'-এর যে কোনো একটি থেকে উত্তর দাও

( অসমের বাংলা সাহিত্য )

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'গুণধরের অসুখ' নাটকটির রচয়িতা কে?

(খ) গুণধরের বয়স কত?

(গ) উজ্জ্বল পবিত্রকে কী বিক্রী করে দিতে বলেছিল?

(ঘ) "বোকা হাঁদা পেয়ে বলির পাঠা বানাতে চাস?" বক্তা কে?

(ঙ) "সিংহমশাই, সিংহমশাই, হিংসা ভুলে যাও।" কে বলেছিল?

(চ) শূন্যস্থান পূর্ণ করো :

"চোরদের যেমন ছিল নিদালি মন্ত্র, গৃহিণীদের তেমনি ছিল ______ প্রতিষেধক।"

(ছ) জিতেন্দ্রমোহন পালিতের স্ত্রীর নাম কী?

(জ) 'দি গোল্ডেন বাও' গ্রন্থটির রচয়িতা কে?

(ঝ) 'মৈত্রী'র প্রথম সংখ্যার সম্পাদকের নাম কী ছিল?

(ঞ) জিতুমিয়ার এস্টেটের ম্যানেজারের নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "ঘুমের ওষুধ খেয়েও ঘুমোতে পারি না আমি। কী করলে ঘুম আসে, শিখিয়ে দেবে আমাকে?" বক্তা কে? এই কথাটি তিনি কাকে বলেছেন?

(খ) গুণধর কোন্ ক্লাসের শেষ পরীক্ষাটি দিতে পারেনি? সে বছর কোন্ বিষয়ে তার হায়েস্ট মার্ক ছিল?

(গ) গোপাল মাস্টারের ছেলে কোন্ সময়ে এবং কেন বাড়ি ছেড়েছিল?

(ঘ) সুজিৎ চৌধুরীর বাবা ম্যাট্রিকে কোন্ ডিভিশন পেয়েছিলেন? তিনি কোন্ কলেজে ভর্তি হয়েছিলেন?

(ঙ) সুজিৎ চৌধুরীরা কয় ভাই ছিলেন? তাঁদের জন্মস্থানের নাম কী?





৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) "অপদার্থ, মূর্খ, নির্বোধ! এর কাছে বাঁচা-মরা; সুখ-দুঃখের কোনো পার্থক্য নেই। আমার কষ্ট হয় এর গর্ভধারিণীর জন্য।" কে, কাকে এ কথা বলেছে? কোন্ প্রসঙ্গে এ কথা বলা হয়েছে, সংক্ষেপে বর্ণনা করো।

(খ) টীকা লেখো : উজ্জ্বল।

(গ) 'গুণধরের অসুখ' নাটকে উজ্জ্বলের বাবার সঙ্গে উজ্জ্বলের কথোপকথন শুনে গুণধরের যে প্রতিক্রিয়া হয়েছিল সেই ঘটনাটি সংক্ষেপে বর্ণনা করো।

(ঘ) 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থে উল্লিখিত হেডমাস্টারমশাই ও তাঁর স্ত্রীর সংসার সম্পর্কে আলোচনা করো।

(ঙ) টীকা লেখো : সারদারঞ্জন।

(চ) বর্ষাকালে লেখকদের নৌকাভ্রমণ, মাছ ধরা ও অন্যান্য খেলার বিষয়ে লেখো।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'গুণধরের অসুখ' নাটকে উজ্জ্বল-পবিত্র-ছন্দাকে নিয়ে যে বৃত্তটি গড়ে উঠেছে তার সঙ্গে গুণধর কীভাবে জড়িত হয়েছিল তা ব্যক্ত করো।

(খ) 'গুণধরের অসুখ' নাটকটির নামকরণ কতটা সার্থক হয়েছে তা নিজের ভাষায় বিচার করো।

(গ) গুণধরের বাবার চরিত্র আলোচনা করো।

(ঘ) আধুনিক নাটকের সংজ্ঞা কী? 'গুণধরের অসুখ'কে একটি আধুনিক নাটকের মর্যাদা দেওয়া যায় কিনা তা নিজের ভাষায় লেখো।

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থটির পঞ্চম অধ্যায়ের অন্তর্ভুক্ত কলের গানের সঙ্গে সম্পর্কিত লেখকের গাত্রবর্ণ-বিষয়ক কাহিনিটি বিবৃত করো।

(খ) সুজিৎ চৌধুরী তাঁর 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থে পালিত বাড়ি সম্পর্কে যা বলেছেন তা তোমার নিজের ভাষায় লেখো।

(গ) 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থের চতুর্থ অধ্যায়ের অন্তর্ভুক্ত হেডমাস্টারমশায়ের দুটি সিদ্ধান্তের বিষয়ে বিশদভাবে আলোচনা করো।

(ঘ) "শিক্ষকতার বাইরে মেসোমশাইয়ের দুটো ব্যাপারে প্রবল আসক্তি ছিল।"— সেই আসক্তি দুটোর বিশদ বর্ণনা দাও।





## ( প্রতিবেশী সাহিত্য )

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) "পিতৃর বোজা পুত্রই ল'ব। তাতনো সুধিবর কি আছে?" বক্তা কে?

(খ) সুন্দর-এর বয়স কত?

(গ) 'ছোয়ালী' শব্দের অর্থ কী?

(ঘ) অনঙ্গ কে?

(ঙ) সুন্দরের মাতার নাম কী?

(চ) রামচন্দ্র মঙ্গরাজ কে?

(ছ) শ্যাম গোছাই কোন্ জাতের?

(জ) শেখ কেরামত আলির বাড়ি প্রথমে কোন্ জেলায় ছিল?

(ঝ) "পণ্ডিত নস্য শুঁকিতে শুঁকিতে বাঁ হাতে _____ লইয়া পুকুর পাড়ে চলিয়াছেন।" ( শূন্যস্থান পূর্ণ করো )

(ঞ) কর্তাবাবুর বাগানে কয়টি শজিনা গাছ ছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "মোর তর্কবাগীশ পুত্র—তই ইয়ালেকে শাস্ত্র পঢ়িলি।" বক্তা কে? তিনি কাকে এ কথা বলেছেন?

(খ) "মই তাকে করিলে, তোমারে-মোরে প্রণয়র কথা ওলাই পরিব।" এখানে 'তোমারে-মোরে' বলতে কোন্ দুজনের কথা বলা হয়েছে?

(গ) বাঘসিংহদের বাড়িতে কয়জন জা ছিল? তাদের বেয়ান-ঠাকুরের ডুলি কোথা থেকে আসছিল?

(ঘ) বাঘসিংহদের বাড়িতে বউ-এর মাসির সঙ্গে কয় ভাড়ে তত্ত্ব এসেছিল? সেই তত্ত্বের মধ্যে যে কোনো দুটি ভাড়ের তত্ত্ব সম্পর্কে লেখো।

(ঙ) বাঘসিংহদের বাড়ির বউয়ের মাসি বিদায়কালে বেয়ানদের জড়িয়ে ধরে কী বলে গিয়েছিলেন?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'কারেঙর লিগিরি' নাটকের প্রথম অঙ্কের প্রথম দৃশ্যে সুন্দরের কক্ষের যে বর্ণনা দেওয়া হয়েছে তা নিজের ভাষায় লিপিবদ্ধ করো।

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"আমার দেশর ছোয়ালীয়ে যাকে ইচ্ছা অবশ্যে তাকে ভাল পাব পারে, কিন্তু যাকে ইচ্ছা তাকে বিয়া করাব নোয়ারে। চকুক সুধি চাউল নবহায়।"

(গ) "সোণর মূল্যই এই জগতত সবাতকৈ সরহ। সোণর চিকমিকনিত প্রণয় সুন্দরীর চকুত জলক-তবক লাগে।" প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এ কথার তাৎপর্য বিশ্লেষণ করো।





(ঘ) মঙ্গরাজের পরিজনদের একটি সংক্ষিপ্ত বর্ণনা দাও।

(ঙ) 'উনিশ বিঘা দুই কাঠা' (ছ মাণ আঠ গুণ্ঠ)-এর ১১নং অধ্যায়ে আলোচিত গোবরা জেনার বিষয়ে সংক্ষেপে নিজের ভাষায় লেখো।

(চ) বাঘসিংহদের ঘরে আগুন লাগার পরে সকলের প্রতিক্রিয়া কী হয়েছিল তা সংক্ষেপে ব্যক্ত করো।

৪। (ক) 'কারেঙর লিগিরি' নাটকের অন্তর্গত কাঞ্চনমালা চরিত্র সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'কারেঙর লিগিরি' নাটকের অন্তর্গত রাজমাতা চরিত্র সম্পর্কে আলোচনা করো।

৫। (ক) 'কারেঙর লিগিরি' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

(খ) অনঙ্গরামের চরিত্র বিশ্লেষণ করে 'কারেঙর লিগিরি' নাটকে তার ভূমিকা সম্পর্কে আলোচনা করো।

৬। (ক) 'উনিশ বিঘা দুই কাঠা' (ছ মাণ আঠ গুণ্ঠ) গ্রন্থ অবলম্বনে অসুরদিঘির বর্ণনা দাও। ১০

*অথবা*

(খ) "ছ মাণ আঠ গুণ্ঠ' পুস্তকটি কথ্য ভাষায় লিখিত হালকা হাস্যরসের ধারায় জীবন ও সমাজের প্রতি সবল কশাঘাতের নিদর্শন।" 'উনিশ বিঘা দুই কাঠা' (ছ মাণ আঠ গুণ্ঠ) গ্রন্থ অবলম্বনে সমালোচকের এই উক্তির সত্যতা প্রতিপন্ন করো।

৭। (ক) 'উনিশ বিঘা দুই কাঠা' (ছ মাণ আঠ গুণ্ঠ) গ্রন্থে বর্ণিত চম্পা চরিত্রটির দুষ্টামি ও তার জীবনের শেষ পরিণতির ঘটনাটি বর্ণনা করো। ১০

*অথবা*

(খ) 'উনিশ বিঘা দুই কাঠা' (ছ মাণ আঠ গুণ্ঠ) গ্রন্থের অন্তর্গত 'চাষ তদারক' অংশটির ঘটনা বিবৃত করো।

★★★